

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

“শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭” এর আলোকে অত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ের কর্মকর্তা কর্মচারীদের ২০১৮-২০১৯ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ শফিকুল ইসলাম লস্কর
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
তারিখ : ১৪ মে, ২০১৯
সময় : বেলা ১২:০০ ঘটিকা
স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। উক্ত সভায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের বর্ণিত নীতিমালার অনুসরণে শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

১। সরকারি কর্মকর্তা কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার “শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭” প্রণয়ন করেছে এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের ক্ষেত্রে এই নীতিমালা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। উক্ত নীতিমালায় বর্ণিত সূচকের ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুযায়ী অত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ের গ্রেড ১ হতে গ্রেড ১০ ভুক্ত কর্মচারীদের মধ্য হতে জনাব মো: হাবুন-উজ-জামান ভূঁইয়া, পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার), গ্রেড ১১ হতে গ্রেড ২০ ভুক্ত কর্মচারীদের মধ্য হতে জনাব মো: মোজাহিদুল ইসলাম, ব্যক্তিগত সহকারী এবং অত্র অধিদপ্তরের বিভাগীয় কার্যালয় সমূহের প্রধানদের মধ্যে হতে রংপুর বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক জনাব খন্দকার মোহাম্মদ নুরুল আমিন কে শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। পুরস্কার হিসেবে একটি সার্টিফিকেট ও এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


স্বাক্ষরিত/-
(মোঃ শফিকুল ইসলাম লস্কর)
মহাপরিচালক
ফোনঃ ৮১৮৯৪২৬
ই-মেইলঃ dg@dncrp.gov.bd

নং- ২৬.০৪.০০০০.১০৯.৫৯.০৫৫.১৯.৩৩৯

তারিখ : ১৪ মে, ২০১৯

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার/ প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২। মো: হাবুন-উজ-জামান ভূঁইয়া, পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপপরিচালক (সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৪। জনাব খন্দকার মোহাম্মদ নুরুল আমিন, উপপরিচালক, রংপুর বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুর।
- ৫। উপপরিচালক (সকল), বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
- ৬। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭। জনাব মো: মোজাহিদুল ইসলাম, ব্যক্তিগত সহকারী, প্রধান কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৮। অফিস কপি।


(মোহাম্মদ কাজী ফয়সাল)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ৮১৮৯০৪৭